লিবিয়া থেকে ইউরোপ যাওয়ার পথে নৌকা ডুবে ৯০ শরণার্থীর মৃত্যু

চেম্বার ডেস্ক:: লিবিয়া থেকে ইউরোপে যাওয়ার পথে শতাধিক শরণার্থীবোঝাই একটি নৌকা ভূমধ্যসাগরে ডুবে ৯০ শরণার্থীর মৃত্যু হয়েছে।

জাতিসংঘের শরণার্থীবিষয়ক হাইকমিশনার রোববার এক টুইটবার্তায় এ তথ্য জানিয়েছেন। খবর আনাদোলুর।

আলজেরিয়ার একটি বাণিজ্যিক তেলবাহী ট্যাংকার মাত্র চারজনকে জীবিত উদ্ধার করতে পেরেছে। এ ছাড়া আরও একজন শরণার্থী গত চার দিন ধরে নৌকা নিয়ে সাগরে ভাসছেন।

জাতিসংঘের শরণার্থীবিষয়ক হাইকমিশনার ফিলিপ্পো গ্রেনডি এক টুইটবার্তায় ইউরোপের দেশগুলোর প্রতি সাগরে ভাসা এসব শরণার্থীদের আশ্রয় দিতে মানবিক আবেদন জানিয়েছেন।

এতে তিনি বলেন, ইউক্রেন থেকে পালিয়ে আসা ৪০ লাখ লোককে আশ্রয় দিয়ে যে উদারতা আপনারা দেখিয়েছেন, সেই সহানুভূতির সামান্য অংশ ভূমধ্যসাগর পাড়ি দিয়ে আসা শরণার্থীদের প্রতি দেখান। আশ্রয় দিয়ে তাদের প্রাণ বাঁচান।

মরক্কো, তিউনিশিয়া, মৌরতানিয়াসহ আফ্রিকার সাবসাহারা অঞ্চলের বহু শরণার্থীরা প্রতি বছর লিবিয়া থেকে সাগরপথে জীবনের ঝুঁকি ইউরোপের দেশগুলোতে আসার পথে ভূমধ্যসাগরে ডুবে মারা যান।